দৈনিক ইত্তেফাক

তারিখ ... 12 0 MAR ১৯৯৮
পৃষ্ঠা ৫ কলাম ৫

৬৭

## সিন্ডিকেট কমিটির পরিবর্তে সিনেট হইতে তদন্ত কমিটি গঠনের আহ্বান

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের ৩৭ জন সদস্য গত শুক্রবার এক যুক্ত বিবৃতিতে বিশ্ববিদ্যালয় প্রশাসনের স্বচ্ছতা নিশ্চিতকরণের স্বার্থে সিন্ডিকেট কমিটির পরিবর্তে অবিলম্বে সিনেট হইতে একটি তদন্ত কমিটি গঠনের আহ্বান জানাইয়াছেন। বিবৃতিতে সিনেটরগণ বলেন, ঢাকা ভার্সিটির ভিসি ও তাহার প্রশাসনের বিরুদ্ধে অনিয়ম ও দুর্নীতির যে অভিযোগ

(৯ম পৃঃ দ্রঃ)

## সিন্ডিকেট কমিটির

(৩য় পৃঃ পর)

পত্র-পত্রিকাসহ বিভিন্ন মহল হইতে উত্থাপিত হইতেছে তাহা তদন্তের জন্য সিনেট হইতে একটি কমিটি গঠনের জন্য আমরা ৬ ও ৭ই মে অনুষ্ঠিত সিনেট সভায় প্রস্তাব দিয়াছিলাম। সংখ্যাগরিষ্ঠের সেই দাবী অগ্রাহ্য করিয়া বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট হইতে ১৫ই মে একটি কমিটি গঠনের যে সংবাদ পত্র-পত্রিকায় প্রকাশিত হইয়াছে উহা বিভ্রান্তিমূলক। প্রশাসনের দুর্নীতি ও অনিয়মের সহিত সিন্ডিকেটের বহু সিদ্ধান্ত জড়িত বিধায় সিন্ডিকেটের অধিকাংশ সদস্য দলীয় ভিত্তিতে মনোনীত বিধায় সিন্ডিকেট কমিটি যে অর্থহীন হইবে তাহা বলার অপেক্ষা রাখে না। বিবৃতিদাতারা হইতেছেন: ডঃ এ, কে, আজাদ চৌধুরী, ডঃ ইমানুল হক, ডঃ শাহাদত আলী, ডঃ জহুরুল ইসলাম, ডঃ মোহাব্বত খান, ডঃ আঃ মান্নান চৌধুরী, ডঃ মোস্তফা চৌধুরী ডঃ সৈয়দ আনোয়ার হোসেন, ডঃ রাজিব হুমায়ুন, ডঃ মোঃ মনিরুজ্জামান ডঃ হারুন অর রশীদ, ডঃ সৈয়দ মোদাচ্ছের আলী, ডঃ আখতারুজ্জামান, এডভোকেট সৈয়দ আহমদ, ডঃ আরেফিন সিদ্দিক, হাবিবুর রহমান খান, রামেন্দু মজুমদার প্রমুখ।